# বাদাবন সংঘ ও বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতি'র প্যানেলভূক্ত আইনজীবি

## মামলা পরিচালনা ও প্রশিক্ষণ প্রদাণ সংক্রান্ত চুক্তিপত্র

বাদাবন সংঘ একটি নারী অধিকারভিত্তিক সংগঠন, নারী ও কিশোরীদের উপর নির্যাতন ও সহিংসতা প্রতিরোধে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে থাকে। সহিংসতায় শিকার নারী, কিশোরী ও শিশুদের আইনগত সহায়তা প্রদাণের জন্য বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতি'র প্যানেল আইনজীবি ও বাদাবন সংঘ এর মধ্যে সহযোগিতার জন্য নিম্নোক্ত শর্ত সাপেক্ষে প্যানেল আইনজীবী হিসেবে আপনার সঙ্গে চুক্তিতে আবদ্ধ হল।

১. বাদাবন সংঘ'র নির্বাহি পরিচালকের কর্তৃক প্রেরিত লিখিত অনুমোদন পেলেই কেবলমাত্র প্যানেল আইনজীবী প্রতিষ্ঠানের সহায়তায় কোন অভিযোগের পক্ষে মামলা পরিচালনা করতে পারবেন।

২. প্যানেল আইনজীবীর চেম্বারে সহিংসতার শিকার নারী ও শিশু প্রয়োজন অনুযায়ী যে কোন সময় সাক্ষাত করতে আসতে পারবেন।

৩. সহিংসতার শিকার নারী ও শিশু নিয়মিত প্যানেল আইনজীবীর সাথে যোগাযোগ রক্ষা না করলে তা প্যানেল আইনজীবী প্রকল্প কর্মকর্তাকে অবহিত করবেন।

৪. কর্মএলাকায় আপনি বা আপনার চেম্বারের আইনজীবীগণ সহিংসতার শিকার নারী'র বিপক্ষ ব্যক্তির হয়ে আদালতে মামলা পরিচালনা করতে পারবেন না। অর্থাৎ একজন আইনজীবী যদি প্রকল্প এর কোন মামলা গ্রহণ করেন তাহলে প্যানেলভূক্ত অন্য আইনজীবীগণ উক্ত মামলার বিপক্ষ ব্যক্তির হয়ে আদালতে মামলা পরিচালনা করতে পারবেন না।

৫. আপনি বা আপনার চেম্বারের আইনজীবীগণ প্রকল্প কর্মকর্তাকে ত্রৈমাসিক রিপোর্ট ৩ (তিন) তারিখের মধ্যে প্রদান করবেন। ত্রৈমাসিক রিপোর্টে এ মামলাসমূহের অগ্রগতির প্রতিবেদন পেশ করবেন।

৬. বাদী ও বিবাদী মামলা চলাকালীন সময়ে যদি আপোষ মীমাংসা করতে চায় তবে সংশ্লিষ্ট প্যানেল আইনজীবী এ বিষয়ে প্রকল্প কর্মকর্তাকে অবহিত করিবে।

৭. সহিংসতার শিকার নারী/শিশু'র পক্ষে মামলা পরিচালনা করাকালীন সময়ে যদি নতুন মামলা করার প্রয়োজন হয় সে ক্ষেত্রে প্যানেল আইনজীবী প্রকল্প কর্মকর্তার সাথে আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

৮. বাদাবন সংঘ'র সহায়তায় কোন অবস্থাতেই মিথ্যা মামলা দায়ের করা যাবে না।

৯. আপনি একজন প্যানেল আইনজীবী হিসেবে কাজ করতে না চাইলে ১ (এক) মাস পূর্বে বাদাবন সংঘ'র নির্বাহি পরিচালক এর বরাবর লিখিত নোটিশ দিতে হবে এবং মামলার কাগজপত্র বুঝিয়ে দিতে হবে।

Badabon Sangho - UNDEF supported project

Lipi Rahman
Executive Director
General Secretary,Executive Committee
Badabon Sangho

Gulshan Ara
Chairperson
Executive Committee
Badabon Sangho

১০. অনুরূপভাবে বাদাবন সংঘ কর্তৃপক্ষ যে কোন সময় ১ (এক) মাসের নোটিশ দিয়ে আপনার সঙ্গে চুক্তি বাতিল করতে পারবে।

১১. আপনার বা আপনার চেম্বারের আইনজীবি বা আইনজীবীর কেরানী/মুহুরী কোন অবস্থাতেই অভিযোগকারী অথবা কোন পক্ষের নিকট থেকে কোন টাকা পয়সা দাবী বা গ্রহণ করতে পারবে না।

১২. সহিংসতার শিকার নারীর নিকট হতে যে কোনো ধরণের ব্যয় বা সেবা গ্রহণকে অপরাধ মনে করে। সহিংসতার শিকার নারীর স্বার্থে রায়ের নকল ও মামলা সংক্রান্ত প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্র উত্তোলনের খরচ সংশ্লিষ্ট মামলা মোট পরিমাণের মধ্য থেকে ব্যয় হবে।

১৩. কোন মামলা দায়েরের পর থেকে চুড়ান্ত শুনানীর পূর্ব পর্যন্ত সময়ে উভয় পক্ষের মধ্যে আপোষ মীমাংসা হলে উক্ত মামলার সার্বিক অবস্থা বিবেচনা করে প্রকল্প কর্মকর্তার সুপারিশক্রমে বাদাবন সংঘ অবশিষ্ট সম্মানীর বিষয়ে সিদ্ধান্ত নিবেন।

১৪. বাদাবন সংঘ চুক্তিবদ্ধ আইনজীবীগণের নিকট হতে জেন্ডার, সমতা ও মানবাধিকার সংবেদনশীলতা প্রত্যাশা করে।

১৫. চুক্তির সময় সীমা জুন ২০১৯ থেকে ডিসেম্বর ২০২২ পর্যন্ত বলবৎ থাকিবে।

১৬. মামলার ফি সংক্রান্ত -

ছকে নির্দিষ্ট মামলা দায়েরের ও নিষ্পত্তি ফি পরিমাণ এবং প্রদানের নিয়ম দেখানো হলো ঃ

| ক্রমিক | বিলের বিভাজন<br>সিভিল/পারিবারিক মামলার ক্ষেত্রে | | বিলের পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | মামলা দায়ের সংক্রান্ত | মামলা দায়েরের জন্য আরজী প্রস্তুতকরণ ও অন্যান্য খরচ<br>আইনজীবী সম্মানী বাবদ | ৮,০০০ | মামলা দায়েরের পর প্রদেয়<br>(ভ্যাট ও ট্যাক্স কর্তন হবে) |
| ২ | মামলা নিষ্পত্তি সংক্রান্ত | শুনানী, যুক্তিতর্ক ও অন্যান্য খরচ বাবদ<br>আইনজীবী সম্মানী বাবদ | ৬,০০০ | মামলা নিষ্পত্তির পর প্রদেয়<br>(ভ্যাট ও ট্যাক্স কর্তন হবে) |
| | | সর্বমোট = | ১৪,০০০ | |
| ৩ | ডিক্রিজারীর মামলা দায়ের ও নিষ্পত্তি ফিস | মামলা দায়েরের পর | ২,৫০০ | মামলা নিষ্পত্তির পর রায়ের কপি বিলের সাথে প্রদান করতে হবে |
| | | মামলা নিষ্পত্তির পর | ২,৫০০ | |
| | | সর্বমোট = | ৫,০০০ | |

১৬ (ক) ফৌজদারী/ক্রিমিনাল মামলার পরিচালনা এবং নিষ্পত্তি বাবদ ১০,০০০/-টাকা।



Lipi Rahman
Executive Director
General Secretary,Executive Committee
Badabon Sangho

Gulshan Ara
Chairperson
Executive Committee
Badabon Sangho

যদি একের অধিক শুনানি হলে ১,৫০০/- টাকা পাবে।

বি ঃ দ্র ঃ নিষ্পত্তি মামলা থেকে উদ্ভুত আপীল নতুন মামলা হিসেবে গণ্য হবে।

১৭. মাঠ পর্যায়ে নারী দল নেত্রীদের নারীর প্রতি সহিংসতার ধরণ ও করণীয় সম্পর্কে সচেতন করার জন্য আপনি প্রশিক্ষণ সেশন পরিচালনা করবেন। প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে আপনাকে প্রতিদিন ৫,০০০.০০ টাকা করে প্রদাণ করা হবে। তবে কোনো ধরণের যাতায়াত, থাকা বা খাওয়ার খরচ প্রদাণ করা হবে না। উল্লেখ থাকে যে, প্রশিক্ষণসমূহ রামপাল, ফকিরহাট ও মোংলা উপজেলার বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

১৭. বিল সর্বদাই আপনার নাম উল্লেখকৃত প্যাডে, প্রকল্প কর্মকর্তার যাচাই সাপেক্ষে বাদাবন সংঘ হিসাব বিভাগে জমা দিতে হবে। বিলের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত থাকতে হবে।

ক. মামলা করার জন্য প্রেরিত মামলা অনুমোদন পত্রের ফটোকপি

খ. মামলা পরিচালনার বিল

গ. আরজির কপি ও ওকালতনামা

ঘ. মামলা নিষ্পত্তির পর বিলের সঙ্গে রায়/সর্বশেষ আদেশ-এর কপি (প্রয়োজনে সার্টিফাইড কপি)

ঙ. আপীলের ক্ষেত্রে বিলের সাথে রায়ের সার্টিফাইড কপি (প্রয়োজনে)।

১৮.
এই চুক্তি ডিসেম্বর, ২০২২ পর্যন্ত বলবৎ থাকবে।

উপরোল্লিখিত শর্ত সাপেক্ষে আমরা উভয়পক্ষ সন্তুষ্টির সঙ্গে উক্ত চুক্তি পত্রে স্বাক্ষর করলাম।

সমিতির পক্ষে

লিপি রহমান
নির্বাহি পরিচালক
বাদাবন সংঘ

Lipi Rahman
Executive Director
General Secretary, Executive Committee
Badabon Sangho

প্যানেল আইনজীবী

এ্যাড. মেহেরুন্নেসা
প্যানেল আইনজীবি

Gulshan Ara
Chairperson
Executive Committee
Badabon Sangho